



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০- ২১৬৭

তারিখ: ০৫/১০/২০২১খ্রি.

বিষয়: নিজ শ্রেণিকক্ষ প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারীর কারণে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠানে স্বশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১ তারিখ পুনরায় চালু হয়েছে। শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীর স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা জরুরি। এক্ষেত্রে শিক্ষার্থীরা শিক্ষকের তত্ত্বাবধানে নিজেরাই তাদের শ্রেণিকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে প্রতিদিন সচেতন থাকবে। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত নির্দেশনাগুলো মেনে চলার জন্য উপরোধ করা হলো:

প্রতিষ্ঠান প্রধানের ও শিক্ষকবৃন্দের জন্য নির্দেশনা:

১. প্রতি শ্রেণির জন্য পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লাভস, সাবান, বালতি, স্যাভলন/জীবানুনাশক, ডাস্টার (কাপড়ের), বিন, সরবরাহ করতে হবে।
২. "কোন কাজই ছোট নয়"-এ বিষয়টি নিয়ে শিক্ষার্থীদের উজ্জীবিত করতে হবে। সে জন্য শিক্ষার্থীদের কাজের ক্ষেত্রে শিক্ষকবৃন্দ উৎসাহ ও সহযোগিতা প্রদান করবেন।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা :

১. শিক্ষার্থীরা তাদের স্বাস্থ্য সুরক্ষার জন্য শিক্ষকের নির্দেশনা অনুযায়ী প্রতি সপ্তাহের ৬ দিনের জন্য ৬টি দলে ভাগ করে নিজ শ্রেণিকক্ষ ও সংলগ্ন বারান্দা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে।
২. ক্লাস শেষে যে দলের যে দিন দায়িত্ব থাকবে তারা নিজ শ্রেণিকক্ষ সেদিন পরিষ্কার করে শ্রেণিকক্ষ ত্যাগ করবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

ফোন-৯৫৫৩৫৪২

৯৫

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, সকল।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [নির্দেশনাটি মাউশ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ০৪। সভাপতি, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল।
- ০৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল।
- ০৬। জেলা শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ০৮। সংরক্ষণ নথি।